# <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u>

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ২৭/০৬/১৯৯০ খ্রিঃ তারিখে সম্পাদিত চুক্তির মধ্যে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমও অন্তর্ভূক্ত রয়েছে।

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২৩ এর অধীনে সরকার কর্তৃক খাগড়াছড়ি জেলা স্থানীয় সরকার <u>পরিষদের নিকট কতিপয় কর্ম হস্তান্তর নির্দেশনামা</u>

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২৩ এর দফা (খ) অনুযায়ী সরকার নিম্নলিখিত বিষয়গুলি খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট নিম্নলিখিত শর্তে স্থানান্তর করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন;

এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উক্ত আলোচনার প্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ উক্ত বিষয়গুলি নিম্নলিখিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মত হইয়াছে;

সেহেতু সরকার উপরোক্ত আইনের ধারা ২৩ (খ) প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিত বিষয়গুলি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট হস্তান্তর করিলেন ঃ

বিষয় ঃ

(১) সিভিল সার্জন ও তাহার অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারী।

(২) সুপারিনটেনডেন্ট, জেলা হাসপাতাল ও তাহার অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারী।

(৩) উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা ও তাহার অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারী।

শর্তসমূহ ঃ

(ক) প্রেষণে নিয়োগ ও বেতন ভাতাদি প্রদান ঃ

জেলা সদরে অবস্থিত (১) সিভিল সার্জন, তাহার অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের (২) জেলা হাসপাতালের সুপারিনটেনডেন্ট এবং তাহার অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারীদের এবং (৩) উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা এবং তাহার অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রেষণে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদে নিয়োগ করা হইবে এবং তাহাদের বেতন/ভাতাদি /আনুষাংগিক ব্যয়াদিত অর্থ সমান চার কিস্তিতে মহাপরিচালক (স্বাস্থ্য) ও মহাপরিচালক (পঃপঃ) মাধ্যমে স্থানীয় সরকার পরিষদের নিকট সংশ্লিষ্ট খাত হইতে ন্যস্ত করা হইবে।

(খ) নিয়োগ ও বদলী ঃ

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ কর্তৃক বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীগণ সরকার হইতে স্থানীয় সরকার পরিষদে প্রেষণে নিয়োজিত থাকিবেন এবং সরকারী বিধি/প্রবিধি/ আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হইবেন। স্থানীয় সরকার পরিষদ নিজ এলাকায় কর্মকর্তা ও কর্মচারীদের আন্তঃ উপজেলা বদলী করিতে পারিবেন। এই বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশিকা জারী করিবেন। প্রেষণে নিয়োজিত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের অন্য জেলায় বদলী করার পূর্বে স্থানীয় সরকার পরিষদকে পূর্বাহ্নে জানানো হইবে এবং বদলী জনিত শূন্যপদে স্থলাভিষিক্ত কর্মকর্তা যোগদান না করিলে বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্তি দেওয়া যাইবে না।

(গ) ছুটি ঃ

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান বা তাহার কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা যিনি আবেদনকারী কর্মকর্তার উচ্চ পর্যায়ের কোন কর্মকর্তা হইবেন, তিনি সিভিল সার্জন, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সুপারিনটেনডেন্ট, সদর হাসপাতাল এর নৈমিত্তিক ছুটি প্রদান করিবেন। অন্যান্য ছুটির বেলায় বর্তমানে প্রচলিত নিয়ম বহাল থাকিবে। তবে সংশ্লিষ্ট কর্মকর্তা এ সংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজপত্র স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যানের মাধ্যমে পেশ করিবেন।

(ঘ) বার্ষিক গোপনীয় প্রতিবেদন ঃ

সিভিল সার্জন, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা এবং সুপারিনটেনডেন্ট, সদর হাসপাতালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় পরিষদের চেয়ারম্যান লিখিবেন। সংশ্লিষ্ট অধিদপ্তরের বিভাগীয় উপ-পরিচালক/পরিচালক/মহাপরিচালক এর নিকট উহা প্রতিস্বাক্ষর ও সংরক্ষণের জন্য পানো যাইতে পারে।

(ঙ) উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ড ঃ

(১) উপজেলা পরিষদ যে সব ক্ষেত্রে উন্নযন কার্য পরিচালনা করেন তাহা উপজেলা পরিষদের নিকটই ন্যস্ত থাকিবে।

(২) যদি খাগড়াছড়ি পার্বত্য জেলাস্থ উপজেলা পরিষদ সমূহের আওতার বাহিরে বা একই উন্নযন কর্মকান্ড একাধিক উপজেলাতে ব্যাপৃত হয় সেই সব ক্ষেত্রে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্কীম প্রণয়ন, গ্রহণ এবং বাস্তবায়ন করিবেন। অবশ্য স্কীম গ্রহণের পূর্বে উপজেলা পরিষদের মতামত নেওয়া বাঞ্চনীয় হইবে এবং স্কীম গ্রহণের পর বিস্তারিত বিষয় সংশ্লিষ্ট উপজেলা পরিষদকে অবশ্যই জানাইতে হইবে।

জাতীয় পর্যায়ে উন্নযন কার্যক্রম স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বাস্তবায়ন করিবে। তবে প্রয়োজনবোধে উন্নয়ন কার্যক্রমের বিভাজ্য অংশ খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে বাস্তবায়ন করা যাইবে। এ ছাড়া উপজেলা পরিষদে প্রদত্ত বরাদ্দ ব্যতিরেকে অন্য কোন প্রকার উন্নয়ন সংক্রান্ত অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট ন্যস্ত করিতে পারিবেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উপরোক্ত বিষয় ও শর্তসমূহে বর্ণিত ব্যবস্থা বিভিন্ন সময়ে পর্যালোচনা করিবে এবং জনস্বার্থে এই ব্যবস্থা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করিতে পারিবে।

এই চুক্তি ১লা জুলাই, ১৯৯০ ইং/১৬ই আষাঢ়, ১৩৯৭ বাংলা তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষর-অস্পষ্ট
২৭/৬/৯০
(এস, হাসান আহমদ)
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আমি সমীরণ দেওয়ান, চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের পক্ষে এই নির্দেশনামায় উল্লেখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

স্বাক্ষর- অস্পষ্ট
২৭/৬/৯০
(সমীরণ দেওয়ান)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ
খাগড়াছড়ি।